

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ১১৪টি প্রতিষ্ঠানকে ৬.০২ লক্ষ টাকা জরিমানা

২৯ এপ্রিল ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াদীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, ময়মনসিংহ, গোপালগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, মাদারীপুর, টাঙ্গাইল, গাজীপুর, মানিকগঞ্জ, জামালপুর, নেত্রকোণা, কিশোরগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, নোয়াখালী, রংপুর, কক্সবাজার, নওগাঁ, ঝিনাইদহ, সিরাজগঞ্জ, পিরোজপুর, নড়াইল, গাইবান্ধা, চুয়াডাঙ্গা, সিলেট, হবিগঞ্জ, কুড়িগ্রাম, পঞ্চগড়, চাঁদপুর, বগুড়া, রাজশাহী, যশোর, দিনাজপুর, ফেনী, বাগেরহাট, কুমিল্লা, খুলনা, কুষ্টিয়া ও মৌলভীবাজারে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়েরসহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানা, জনাব ফাহমিনা আক্তার ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক রমনা ও কলাবাগান এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে আলম রেস্তোরা, আমজাদ রেস্তোরা, শুকতার ক্যান্টিন, ফুড ফাস্ট ও মুন্সী হোটেল এন্ড রেস্তুরেন্টকে যথাক্রমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আলম রেস্তোরাকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে আলম রেস্তোরাকে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ওজনে কারচুপির অপরাধে ওয়েল ফুডকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকাসহ মোট ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ৪৫টি বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ১০৭টি প্রতিষ্ঠানকে ৪,৩৪,০০০/- (চার লক্ষ চৌত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে ১টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হয়।

গত ২৯ এপ্রিল ২০১৯ তারিখে ৪৮টি বাজার তদারকি ও ১টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১১৪টি প্রতিষ্ঠানকে মোট ৬,০২,০০০/- (ছয় লক্ষ দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্ম ড পুলিশ ব্যাটলিয়ন সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

আফরোজা রহমান

সহকারী পরিচালক

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

- ১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থ নীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কণ্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তৌর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্ম কর্তা/ পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্ম কর্তা/ বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।